# কামারগ্রাম কাঞ্চন একাডেমী(নমুনা প্রশ্ন)

## অর্ধবার্ষিক পরীক্ষা – ২০২২ বিষয়ঃ- বাংলা

সময়ঃ- ৩ ঘন্টা অষ্টম শ্রেণি নম্বরঃ- ১০০

'ক' বিভাগ – গদ্য (যে কোন ২টি প্রশ্নের উত্তর দাও) (১০ × ২ = ২০ )

১.সুমন রাস্তায় একটি মানিব্যাগ পড়া পেল ।মানিব্যাগে বেশ কিছু টাকা ছিল ।টাকাগুলো সে নিজে ভোগ করার চিন্তা করলো ।কিন্তু কিছুক্ষন পর তার এই বদ চিন্তা মাথার থেকে দুর হলো ।সে মানিব্যাগটি তার মালিককে ফেরত দেওয়ার চিন্তা করলো ।সে বিভিন্ন এলাকায় মাইকিং করলো ।

ক. "পড়ে পাওয়া" গল্পটির লেখক কে? ১

খ. 'ওর মতো কত লোক আসবে'-বিধুর এই কথার অথ বুঝিয়ে লেখ ২

গ. সুমনের চরিত্রের সাথে 'পড়ে পাওয়া' গল্পের কাদের চরিত্রের মিল রয়েছে বলে তোমার মনে হয়?ব্যাখ্যা কর । ৩

ঘ.সুমনের মানিব্যাগ ফেরত দেওয়ার জন্য মাইকিং করার ঘটনা"পড়ে পাওয়া" গল্পের কোন ঘটনার সাথে সাদৃশ্যপূণ? ব্যাখ্যা কর ৪

২. দক্ষিন আফ্রিকার অবিসংবাদিত নেতা নেলসন ম্যান্ডেলা সারাজীবনই সংগ্রাম করেছেন বণবাদের বিরুদ্ধে । এ কারনে তিনি জেল, জুলুম অত্যাচার ও নিযাতনের শিকার হন সাতাশটি বছর ।তিনি ছিলেন কারাগারে বন্দি ।কিন্তু শেষ পযন্ত তিনি বিজয়ী হন ।মানবতা ও স্বাধীনতার কেতন উড়িয়ে দেন স্বদেশের আকাশে ।

ক. রেসকোর্স ময়দানের বর্তমান নাম কি? ১

খ. প্রত্যেক ঘরে ঘরে দর্গ গড়ে তোল- এই আহবান করা হয়েছিল কেন? ২

গ. উদ্দীপকের নেলসন ম্যান্ডেলার সাথে "এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম' গল্পের কোন চরিত্রের মিল পাওয়া যায়? ব্যাখ্যা কর ৩

ঘ. 'মানবতা ও স্বাধীনতার কেতন উড়িয়ে দেন স্বদেশের আকাশে"বাক্যটি তোমার পাঠ্য বইয়ের ভিত্তিতে ব্যাখ্যা কর ৪

৩। সুমনের বাড়িতে একটি বিড়াল রয়েছে ।তার বিড়ালটির নাম মিনি । বিড়ালটিকে সে খুবই ভালোবাসে ।সে তাকে নিয়মিত খেতে দেয় ।স্কুল থেকে ফিরেই সে মিনির সঙ্গে সময় কাটায় ।কিন্তু পাশের বাসার সাদিয়া বিড়ালটিকে দেখলেই মারতে যায় ।তার বিড়ালের প্রতি বিন্দুমাত্র ভালোবাসা নেই ।সাদিয়া খুবই নিষ্টুর প্রকৃতির ।

ক)রেংগুন শহরের বর্তমান নাম কি? ১

খ) চাকরদের দরদ মালি বৌয়ের প্রতি বেশি, ব্যাখ্যা কর ২

গ) উদ্দীপকের সুমনের সাথে 'অতিথির স্মৃতি' গল্পের কার চরিত্রের মিল রয়েছে?ব্যাখ্যা কর ৩

ঘ) সাদিয়া 'অতিথির স্মৃতি' গল্পের কোন চরিত্রের প্রতিরূপ? ব্যাখ্যা কর ৪

'খ' বিভাগ – পদ্য (যে কোন ২টি প্রশ্নের উত্তর দাও) (১০ × ২ = ২০ )

৪. মুন সাহেব একযুগ আগে বিদেশে গিয়ে প্রচুর বিত্ত-বৈভবের মালিক হয়েছেন ।কিন্তু তারপরও তার মনে কোন শান্তি নেই ।সেখানকার কোন কিছুই তার ভালো লাগে না ।সারাক্ষণ মনটা পড়ে থাকে আকা-বাকা মেঠো পথের ধারের কুঁড়েঘরে, যেখানে তার শৈশব, কৈশোরের সোনালি সময় কেটেছে ।মুন সাহেব অসহায় মানুষদের বিভিন্ন আথিক সহায়তা প্রদান করে থাকেন ।তিনি প্রবাসে থেকেও গরিবদের সাহায্য সহযোগিতা করে থাকেন ।

ক. আদালতের হুকুম বা নির্দেশনামাকে কি বলে ১

খ. ছিলে দেবী হলে দাসী – কথাটির অর্থ বুঝিয়ে লিখ ২

গ. উদ্দীপকে মুন সাহেবের মানসিকতায় 'দুই বিঘা জমি কবিতার' কোন অনুভূতি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর ৩

ঘ. উদ্দীপকের মুন সাহেব "দুই বিঘা জমি" কবিতায় কোন চরিত্রের বিপরীত? ব্যাখ্যা কর । ৪

৫. রানা যে কোন কাজ করতে গেলেই সিদ্ধান্তহীনতায় ভোগে। করবে কি করবে না, এই নিয়েই সে ভাবতে ভাবতে সময় পার করে।সময় চলে যায় কিন্তু কাজের কাজ কিছুই হয় না।কাজ কাজের জায়গায় থাকে, কিন্তু কাজ করা হয় না।শুধু ভাবা হয়, কিভাবে করবে, কেউ কিছু বলবে কিনা।

ক. শুভ্র শব্দের অর্থ কি ১

খ. ভীতির কবলে শক্তি মরে কেন ২

গ. উদ্দীপকের সাথে 'পাছে লোকে কিছু বলে' কবিতার বক্তব্যের সাদৃশ্য কোথায়?ব্যাখ্যা কর ৩

ঘ. "উদ্দীপকে কবিতার যে ভাব প্রতিফলিত হয়েছে তা থেকে উত্তরন ঘটানোই কবির উদ্দেশ্য" – তোমার মতামতসহ মন্তব্যটি বিশ্লেষণ কর ৪

৬। মোরা এক বৃন্তে দুটি কুসুম হিন্দু-মুসলমান।
মুসলিম তার নয়ন মণি হিন্দু তাহার প্রাণ!
এক সে আকাশ মায়ের কোলে
যেন রবি শশী দোলে,
এক রক্ত বুকের তলে, এক সে নাড়ির টান।

ক)লালন 'জেতের ফাতা' কোথায় বিকিয়েছেন ১

খ)'মুলে এক জল' বলতে কী বোঝানো হয়েছে ২

গ) উদ্দীপকের সাথে 'মানবধর্ম' কবিতার চেতনাগত সাদৃশ্য নিরূপন কর ৩

ঘ) 'মানবধর্ম' কবিতার আলোকে উদ্দীপকে প্রকাশিত মনুষ্য ধর্মের স্বরূপ নির্ণয় কর ৪

## 'গ' বিভাগ – নির্মিতি(৩০ নম্বর)

৭. যে কোন একটি প্রশ্নের উত্তর দাও ৫ × ১ = ৫

(ক) সারাংশ লেখ:-

সূর্যের আলোতে রাতের অন্ধকার কেটে যায়।শিক্ষার আলো আমাদের অজ্ঞতার অন্ধকার দূর করে।আমাদের দৃষ্টিতে চারপাশের জগৎ আরও সুন্দর হয়ে উঠে।আমরা জীবনের নতুন অর্থ খুজে পাই।শিক্ষার আলো পেয়ে আমাদের ভেতরের মানুষটি জেগে ওঠে।আমরা বড় হতে চাই, বড় হওয়ার জন্য চেষ্টা করি।আমরা সুন্দর করে বাচতে চাই।বাচার মতো বাচতে চাই।

অথবা,

(খ) সারমর্ম লেখ:-

এই যে বিটপি-শ্রেণি হেরি সারি সারি
কি আশ্চর্য শোভাময় যাই বলিহারি
কেহ বা সরল সাধু-হৃদয় যেমন,
ফল ভরে নত কেহ গুণীর মতন
এদের স্বভাব ভালো মানবের চেয়ে
ইচ্ছা যার দেখ দেখ জ্ঞানচক্ষে চেয়ে।
যখন মানবকুল ধনবান হয়,
তখন তাদের শির সমুন্নত রয়।

৮।যে কোন ১টি ভাবসম্প্রসারন লিখ ৫

ক) জ্ঞানহীন মানুষ পশুর সমান

বা

খ) আমার ভাইয়ের রক্তে রাঙ্গানো একুশে ফেব্রুয়ারি,
আমি কি ভুলিতে পারি

৭. যে কোন একটি প্রশ্নের উত্তর দাও:- ৫ × ১ = ৫

ক) মনে কর তোমার নাম রাসেল / রাসিদা।তোমার বন্ধু রানা জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষায় সাফল্য লাভের জন্য অভিনন্দন জানিয়ে তোমার বন্ধুকে একটি পত্র লেখ।

অথবা

খ) মনে কর তোমার নাম তমা/তমাল।তুমি ফরিদপুর উচ্চ বিদ্যালয়ের ৮ম শ্রেণির ছাত্র।তোমার বাবা ফরিদপর জিলা স্কুলের একজন শিক্ষক।সম্প্রতি তোমার বাবা যশোর জিলা স্কুলে বদলি হয়েছেন।তোমার একার পক্ষে এখানে থেকে লেখাপড়া করা সম্ভব নয়।এজন্য তোমার বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকট ছাড়পত্র চেয়ে একটি আবেদন পত্র লেখ।

৯. যে কোন একটি বিষয়ে প্রবন্ধ রচনা লেখ ১৫ × ১ = ১৫

ক) ছাত্র জীবনের দায়িত্ব ও কর্তব্য

খ) অধ্যবসায়

গ) দৈনন্দিন জীবনে বিজ্ঞান

**বহুনিবাচনি (৩০ নম্বর)**

**১. পথের পাচালি কি ধরনের রচনা?**
ক. নাটক খ. প্রবন্ধ
গ. উপন্যাস ঘ. ছোটগল্প

**২. নরহরি জাতে কি ছিল**
ক.দলিত খ. সূত্রধর
গ. কমকার ঘ. বোষ্টম

**৩. ন্যাশনাল অ্যাসেম্বলি কি?**
ক. গণপরিষদ খ. সচিবালয়
গ. জাতীয় সংসদ ঘ. সুপ্রিম কোর্ট

**৪. গনঅভ্যুত্থান কখন হয়?**
ক. ১৯৭০ খ. ১৯৬৯
গ. ১৯৬৮ ঘ. ১৯৭১

**৫. পাছে লোকে কিছু বলে , লাইনটি কবিতায় কতবার ব্যবহার করা হয়েছে?**
ক. ৫ খ. ৬
গ. ৭ ঘ. ৮

**৬. কবি কামিনী রায় কত সালে জন্মগ্রহণ করেন।**
ক. ১৯৩২ খ. ১৯৬৬
গ.১৯৭৬ ঘ. ১৮৬৪

**৭. রবীন্দ্রনাথ ঠাকুর কত সালে নোবেল পান**
ক. ১৯১২ খ. ১৯১৪
গ. ১৯১৩ ঘ. ১৯১৫

**৮. খত শব্দের অথ কি?**
ক. সম্পদ খ. ঋনপত্র
গ. পানি ঘ. দলিল

**৯. বাংলাদেশের সংবিধান কত সালে রচিত হয়**
ক.১৯৭২ খ. ১৯৭৫
গ. ১৯৭০ ঘ. ১৯৭১

**১০. সবচেয়ে বড় কে ছিল**
ক. বিধুদের খ. তিনুদের
গ. লেখকদের ঘ. বাদলদের

**১১. ক্রিয়ার সংক্ষিপ্ত রুপ ব্যভহৃত হয় কোন রীতিতে**
ক. সাধু খ. চলিত
গ. বিদেশি ঘ. কোনটি নয়

**১২. ম্যান্ডারিন ভাষায় কথা বলে কোন দেশের জনগন**
ক. জাপান খ. রাশিয়া
গ. লাওস ঘ. চীন

**১৩. ‘ষড়ানন’ –এর সন্ধি বিচ্ছেদ কোনটি**
ক. ষড় + অন খ. ষট্ + অণন
গ. ষট্ + অনন ঘ. ষড়া + আনন

**১৪. দুধের মাছি –এর বাগধারা কি**
ক. দলভুক্ত খ. দলপতি
গ. বন্ধু ঘ. সুসময়ের বন্ধু

**১৫. তুলশী বনের বাঘ- এর বাগধারা কি হবে**
ক. সুখে থাকা খ. ভন্ড
গ. অসম্ভব বস্তু ঘ. তোষামুদে

১৬।ভাবকে রূপ দেয় কে?
ক।সাহস খ।শক্তি
গ।ইচ্ছা ঘ।কাজ
১৭।পড়ে পাওয়া গল্পে কয়টি সবজির উল্লেখ আছে
ক.২টি খ.৩টি গ.৪টি ঘ.৫টি
১৮। স্বপ্ন লিখছে কোন ক্রিয়া
ক।অকর্মক ক্রিয়া খ। সকর্মক ক্রিয়া
গ।যৌগিক ক্রিয়া ঘ।অসমাপিকা ক্রিয়া
১৯।শব্দের প্রাণ কোনটি
ক।বর্ণ খ।ধ্বনি গ।ভাব ঘ।অর্থ
২০।‘কদাচ’ শব্দটির চলিত রূপ কোনটি
ক)কারও খ)কবে গ)কিংবা ঘ।কখনো
২১। শব্দের শেষে স্বরবর্ণের পূর্ণরূপ বসেছে কোনটিতে
ক)বই খ)বাউল গ)অনেক ঘ)এক
২২। রুপাই কবিতায় রুপাইকে কীসের মতো উপকারী হিসেবে দেখানো হয়েছে
ক)শাল-সুন্দি-বেত খ)পাগাল লোহা
গ)কচি ধানের পাতা ঘ)দোয়াতের কালি

২৩।নারী কবিতাটি কোন কাব্য গ্রন্থ থেকে নেওয়া
ক)সর্বহারা খ)বিষের বাশী
গ)সাম্যবাদী ঘ)অগ্নিবীনা
২৪।পানিপথ কি
ক)চিতোরের পথ খ)যুদ্ধক্ষেত্র
গ)খানুয়া প্রান্তর ঘ)নৌপথ
২৫। স্তুতি শব্দের অর্থ কি
ক)প্রার্থনা খ)প্রশংসা
গ)অনুগ্রহ ঘ)চারু
২৬।লালন শাহ কত সালে জন্মগ্রহ্ন করেন
ক)১৭৭০ খ)১৭৭২
গ)১৭৭১ ঘ)১৭৭৩
২৭।বঙ্গভূমির প্রতি কোন ধরনের কবিতা
ক)মহাকাব্য খ)সনেট
গ)গীতিকবিতা ঘ) পত্রকাব্য
২৮। ধাম শব্দের অর্থ কি
ক)মূল্যবান খ)খড়ের গাদা
গ)ধান ঘ)তীর্থস্থান
২৯)ট্রেন ছাড়তে আর কত মিনিট বাকি
ক)এক মিনিট খ)দুই মিনিট
গ)তিন মিনিট ঘ)চার মিনিট
৩০।নিত্য পুরুষ বাচক শব্দ কোনটি
ক)বাবা খ)বিদ্বান
গ)কবিরাজ ঘ)সুন্দর